

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd



স্মারক নং: ৩৮.০১.০০০০.৩০০.০০.১৪৮.২০২০.৬৮৬

তারিখ :

১৩ পৌষ, ১৪২৭।

২৮ ডিসেম্বর, ২০২০।

বিষয়: ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর বিনামূল্যের বই বিতরণের নিয়মাবলী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত বছরগুলোর ন্যায় এ বছরও ০১ জানুয়ারি, ২০২১ তারিখে প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর শতভাগ শিক্ষার্থীর মাঝে নতুন বই তুলে দেয়ার কর্মসূচি হাতে নেয়া হয়েছে। কোভিড-১৯ এর কারণে করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে উক্ত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত বই বিতরণের সময় নিম্নোক্ত নিয়মাবলী প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো:

- (১) শিক্ষার্থীর সংখ্যার উপর ভিত্তি করে প্রত্যেক বিদ্যালয় বই বিতরণের কর্মপরিকল্পনা তৈরি করবে। সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে ০১ জানুয়ারি ২০২১ তারিখ হতে বই বিতরণের ব্যবস্থা করতে হবে;
- (২) প্রতিটি বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি এবং ১ম-৫ম শ্রেণির শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে বই বিতরণ করতে হবে।  
অর্থাৎ কোন বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যার উপর নির্ভর করে স্থানীয়ভাবে স্কুল ভিত্তিক পরিকল্পনা করে এমন ভাবে বই বিতরণ করতে হবে যাতে কোন জটলা তৈরি না হয় এবং স্বাস্থ্যবিধি মানা নিশ্চিত হয়;
- (৩) বই বিতরণের সময় সামাজিক দূরত্ব বজায় রাখাসহ সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;
- (৪) কোভিড-১৯ মোকাবেলা সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ মেনে চলতে হবে;
- (৫) No Mask, No Service নীতি অনুসরণ করতে হবে। শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক সকলকেই Mask পরিহিত অবস্থায় বিদ্যালয়ে আসতে হবে;
- (৬) বিদ্যালয়ের প্রবেশের মুখে হাত জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে (যেমন: সাবান, তরল সাবান পানি ইত্যাদি);
- (৭) শ্রেণিভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীর বইয়ের সেট পৃথকভাবে বেঁধে প্রস্তুত রাখতে হবে। যাতে বই বিতরণের সময় কোন শিক্ষার্থী/অভিভাবককে দীর্ঘ সময় অপেক্ষা করতে না হয়;
- (৮) সকল শিক্ষককে বই বিতরণের দায়িত্ব ভাগ করে দিতে হবে। বই বিতরণের ক্ষেত্রে শ্রেণি ভিত্তিক একাধিক বৃথ তৈরি করে প্রতিটি বৃথে একজন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থী/অভিভাবকের পরিচয় নিশ্চিত হয়ে স্বাস্থ্য বিধি অনুসরণ করে বই বিতরণ নিশ্চিত করবে।

M

(৯) সংশ্লিষ্ট ক্লাসটারের সহকারী থানা/উপজেলা শিক্ষা অফিসার প্রত্যেক বিদ্যালয়ে বিশেষ করে অধিক শিক্ষার্থী সমৃদ্ধ বিদ্যালয়ে বই বিতরণের সূচী প্রস্তুতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন এবং বই বিতরণ মনিটরিং করে প্রতিবেদন দিবেন।

(১০) ক্লাসটারের আওতাধীন বিদ্যালয়ের বই বিতরণ কার্যক্রম কর্মপরিকল্পনা অনুসারে বাস্তবায়ন নিশ্চিত করত: সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ স্ব স্ব উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত রাখবেন;

(১১) উপজেলা/থানা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকগণ স্ব স্ব দপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানের বই বিতরণ কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

(১২) বই বিতরণে আনুষ্ঠানিকতার নামে জনসমাগম করা যাবে না;

(১৩) শিক্ষার্থী/অভিভাবকদের নিকট হতে বই বিতরণের জন্য কোন প্রকার অর্থ আদায় করা যাবে না।

মো: মিজানুর রহমান  
পরিচালক (প্রশাসন)

ফোন: ৫৫০৭৪৮২৯

ইমেইল: [diradmindpe@gmail.com](mailto:diradmindpe@gmail.com)

He

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৪) অফিস কপি।